ফ্যাসিবাদ ফিরলে দায় জামায়াতকে নিতে হবে: শামা ওবায়েদ

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

বিরোধী দল দায়িত্বশীল ভূমিকা পালন না করলে দেশে আবারও ফ্যাসিবাদ ফিরে আসার সুযোগ তৈরি হতে পারে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। এমন পরিস্থিতি তৈরি হলে জামায়াতে ইসলামীকে দায় নিতে হবে বলেও মন্তব্য করেন তিনি।

শুক্রবার (৯ অক্টোবর) বিকেলে ফরিদপুরের নগরকান্দায় দেশজুড়ে সন্ত্রাস, নৈরাজ্য ও অস্থিতিশীলতার প্রতিবাদে বিএনপির বিক্ষোভ মিছিল-পরবর্তী সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন শামা ওবায়েদ।

তিনি বলেন, গত ১৭ বছরে নির্যাতন, হামলা-মামলা ও গুমের অভিজ্ঞতা হয়েছে। ছাত্র-জনতার আন্দোলনে স্বৈরাচারী সরকারের পতনের পর দেশ স্থিতিশীলতার দিকে এগোলেও আবারও ফ্যাসিবাদী শক্তির উত্থানের চেষ্টা চলছে বলে তিনি মনে করেন।

বিদ্যুৎ খাত নিয়ে আওয়ামী লীগ সরকারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ তুলে শামা ওবায়েদ বলেন, অন্তর্বর্তী সরকারের সময়ও এ খাতে উল্লেখযোগ্য অগ্রগতি হয়নি। বর্তমান সরকার দেশের নিজস্ব সম্পদ কাজে লাগিয়ে বিদ্যুৎ উৎপাদন বাড়ানো এবং পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করছে।

বিএনপির নেতাকর্মীদের দলের ভেতরে স্বৈরাচারী শক্তির অনুপ্রবেশ ঠেকাতে সতর্ক থাকার আহ্বান জানান তিনি। একই সঙ্গে মুক্তিযোদ্ধাদের সম্মান ক্ষুণ্ন করার চেষ্টার বিরুদ্ধেও দলের অবস্থানের কথা তুলে ধরেন।

বিক্ষোভ মিছিলটি নগরকান্দা সদর পেট্রল পাম্প থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে। পরে নগরকান্দা এমএন একাডেমি মাঠে সংক্ষিপ্ত সমাবেশের মধ্য দিয়ে কর্মসূচি শেষ হয়। এতে বিএনপি ও এর অঙ্গসংগঠনের নেতাকর্মীরা অংশ নেন।